এসকে সোহেল | খুলনা | 09 May, 2025

বাগেরহাটের শরণখোলায় পথ ভুলে লোকালেয়ে আসা চিত্রা হরিণ সুন্দরবনে অবমুক্ত করা হয়েছে।শুক্রবার (৯ মে) দুপুরে উপজেলার বকুলতলা গ্রামের সাবেক চেয়ারম্যান মোজাম্মেল হোসেনের বাড়ির পাশ থেকে হরিণটিকে ধরে ফেলে স্থানীয়রা।পরে ওয়াইল্ড টিমের সদস্যদের মাধ্যমে হরিণটিকে সুন্দরবনে অবমুক্ত করা হয়।

ওয়াইল্ড টিমের সদস্য আলম হাওলাদার বলেন, লোকালয়ে একটি হরিণ এসেছে এবং স্থানীয় যুবকরা ধরে রেখেছে এমন খবরের ভিত্তিতে আমরা সেখানে যাই। পরে আমরা হরিণটিকে উদ্ধার করে সুন্দরবন পূর্ব বিভাগের শরণখোলা রেঞ্জের মধ্যে বনে হরিণটিকে অবমুক্ত করা হয়।উদ্ধারকৃত হরিণটির ওজন ৩০ কেজি।ধারণা করা হয় হরিণটি পথ ভুলে লোকালয়ে ঢুকে পড়েছে।

সুন্দরবন পূর্ব বনবিভাগ শরণখোলা রেঞ্জের সহকারী বন সংরক্ষক রানা দেব বলেন, ওয়াইল্ড টিম ও স্থানীয় সচেতন ব্যক্তিদের সহযোগিতায় পথ ভুলে আসা হরিণ বনেও অবমুক্ত করা হয়েছে।

সুন্দরবন হরিণ অবমুক্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:59

URL: https://timestodaybd.com/public/khulna/2203688995